দামুড়হুদায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা

দামুড়হুদায় বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার সকাল ১০টার দিকে ঢাকা জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের আয়োজনে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাস্তবায়নে এই কর্মসূচির উদ্বোধন উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালী অনুষ্ঠিত হয়।

র্যালী শেষে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভা কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। র্যালী ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন, দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার। এসময় উপস্থিত ছিলেন, এমটি (ইপিআই) ফারুক আহমেদ, স্যানিটারি ইন্সপেক্টর মোঃ নিয়ামত আলী সহ হাসপাতালের সিনিয়ার স্টাফ নার্স, সহকারী স্বাস্থ্য পরিদর্শক ও সিএইচসিপি গণ প্রমুখ।

মুজিবনগরে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ-২০২৩ উদযাপন

মুজিবনগর বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন করা হয়েছে। গতকাল রবিবার দুপুরে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হল রুম গুড নেইবারস বাংলাদেশ ও মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সম্মেলিতভাবে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উপলক্ষে একটি আলোচনা সভার আয়োজন করে।

আলোচনা সভায় গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি ম্যানেজার বিভব দেওয়ানের সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক

আহমেদ।

গুডনেইবারর্স এর হেলথ অফিসার আহসানুল হক এর সঞ্চালনায় সভায় আরো উপস্থিত ছিলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডা: আহসান হাবিব, ডা: মেহেদী হাসান।

সভায় বক্তারা বলেন,কর্মজীবি মা’দের জন্য কর্মস্থলে মাতৃদুগ্ধ কর্নার খুবই গুরুত্বপূর্ণ, এবং মাতৃদুগ্ধ শুধু শিশুর স্বাস্থ্যের জন্য না, বরং মা ও পরিবেশের জন্যও উপকারি।

এছাড়া বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অত্র হসপিটালের সকল বিভাগের চিকিৎসকবৃন্দ এবং কমিউনিটি হেল্প ওয়ার্কার, নার্স, মিডওয়াইফ নার্স ও হাসপাতালের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।